



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/23/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল সারাটোগা কাউন্টির বাসিন্দাকে ফার্স্ট এয়ার ফোর্সের কমান্ড চিফ হিসেবে নির্বাচন করার ঘোষণা প্রদান করলেন

অ্যারোস্পেস নিয়ন্ত্রণ ও কন্টিনেন্টাল মার্কিন যুক্তরাষ্ট্রের আকাশ প্রতিরোধের দায়িত্বে থাকা 15,000 সদস্যের ফার্স্ট এয়ার ফোর্সের কমান্ডারের সিনিয়র তালিকাভুক্ত উপদেষ্টা হিসেবে কমান্ড চিফ মাস্টার সার্জেন্ট ডেনি রিচার্ডসন দায়িত্ব পালন করবে

এছাড়া ফার্স্ট এয়ার ফোর্স নর্থ আমেরিকান অ্যারোস্পেস ডিফেন্স কমান্ড, নর্থ আমেরিকার আকাশ প্রতিরোধের দায়িত্বপ্রাপ্ত কানাডিয়ান-মার্কিন যুক্তরাষ্ট্র এনটিটির দায়িত্ব পালন করে।

চিফ রিচার্ডসন 2020 সাল থেকে নিউ ইয়র্ক এয়ার ন্যাশনাল গার্ডের সিনিয়র তালিকাভুক্ত উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করছেন

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক এয়ার ন্যাশনাল গার্ডের সিনিয়র তালিকাভুক্ত উপদেষ্টা (New York Air National Guard), কমান্ড চিফ মাস্টার সার্জেন্ট ডেনি রিচার্ডসনকে 15,000 সদস্যের ফার্স্ট এয়ার ফোর্সের (First Air Force) কমান্ড চিফের দায়িত্ব পালন করার জন্য নির্বাচিত করা হয়েছে। ফ্লোরিডার পানামা সিটিতে সদর দপ্তর নিয়ে ফার্স্ট এয়ার ফোর্সের দায়িত্ব হলো অ্যারোস্পেস নিয়ন্ত্রণ এবং কন্টিনেন্টাল মার্কিন যুক্তরাষ্ট্রের আকাশ প্রতিরোধ এবং এটি নর্থ আমেরিকান অ্যারোস্পেস ডিফেন্স কমান্ডেরও (North American Aerospace Defense Command) দায়িত্ব পালন করে, যা নর্থ আমেরিকার আকাশ প্রতিরোধের জন্য যৌথ কানাডিয়ান-মার্কিং যুক্তরাষ্ট্রের এনটিটি।

"চিফ রিচার্ডসনের ক্যারিয়ার সরকারি চাকরির প্রতিকৃতিস্বরূপ এবং আমি তাকে আমার মতোই নিউ ইয়র্কবাসী বলতে পেরে গর্বিত," **গভর্নর হোকল বলেন।** "দেশের সর্ববৃহৎ এয়ার ন্যাশনাল গার্ডে দায়িত্ব পালন করার অভিজ্ঞতা এবং এর কমান্ডারকে তিনি যেই বিজ্ঞ উপদেশ প্রদান করেছেন তা তাকে এই চাকরির জন্য অনন্যভাবে উপযুক্ত করেছে। ফার্স্ট এয়ার ফোর্স এবং জাতির জন্য এই অতি গুরুত্বপূর্ণ পদে তিনি ভালোভাবে দায়িত্ব পালন করবেন।"

সারাটোগা কাউন্টির স্কুইলারভিলের একজন বাসিন্দা, চিফ রিচার্ডসন, 2020 সাল থেকে 5,880 সদস্যের নিউ ইয়র্ক এয়ার ন্যাশনাল গার্ডের সিনিয়র তালিকাভুক্ত উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন

করছেন। এই পদে তিনি এয়ার হার্ডের কমান্ডার মেজর জেনারেল ডেনিস ডোনেলকে তালিকাভুক্তদের প্রশিক্ষণ, প্রস্তুতি, এবং মনোবল নিয়ে পরামর্শ দিয়েছেন। চিফ রিচার্ডসন তার নতুন পদে যোগ দিবেন এপ্রিল মাসে, তিনি ফার্স্ট এয়ার ফোর্স কমান্ডার লেফটেন্যান্ট জেনারেল স্টিভেন নর্ডহাউজের অধীনে কাজ করবেন এবং তিন বছর কমান্ড চিফ হিসেবে দায়িত্ব পালন করবেন। এই পদের জন্য পুরো দেশ থেকে যোগ্য নন-কমিশনড কর্মকর্তাদের সাক্ষাৎকার গ্রহণ করার পর ফার্স্ট এয়ার ফোর্সের কমান্ডার কমান্ড চিফের নাম ঘোষণা করেছেন।

নিউ ইয়র্কের অ্যাডজাফ্ট জেনারেল, মেজর জেনারেল রে শিল্ডস বলেন, "কমান্ড চিফ মাস্টার সার্জেন্ট ডেনি রিচার্ডসন একজন সক্রিয় নেতা যিনি তার নিউ ইয়র্ক এয়ার ন্যাশনাল গার্ডের ক্যারিয়ারে দুর্দান্ত প্রভাব তৈরি করেছেন। আমি আত্মবিশ্বাসী যে তিনি ফার্স্ট এয়ার ফোর্সের সিনিয়র তালিকাভুক্ত উপদেষ্টা হিসেবে খুব ভালো কাজ করবেন।"

নিউ ইয়র্কে আসার পূর্বে চিফ রিচার্ডসন 34 বছর ম্যারিল্যান্ডে এয়ার ন্যাশনাল গার্ড হিসেবে দায়িত্ব পালন করেছেন। নিউ ইয়র্কের এয়ার ন্যাশনাল গার্ড দেশের মধ্যে সর্ববৃহৎ, এর পাঁচটি ফ্লায়িং উইং, ইস্টার্ন এয়ার ডিফেন্স সেক্টর, এবং চারটি ভৌগলিকভাবে পৃথক ইউনিট রয়েছে। এর কমান্ড চিফ হিসেবে দায়িত্ব পালন করা তাকে ফার্স্ট এয়ার ফোর্সের দায়িত্বের জন্য প্রস্তুত করেছে, যা নিউ ইয়র্কের এয়ার ন্যাশনাল গার্ডের থেকে পাঁচ গুণ বড়।

জেনারেল ডোনেল এবং তার পূর্বসূরি মেজর জেনারেল টিম লাবার্জকে উপদেশ দেওয়ার পূর্বে, তিনি 109তম এয়ারলিফ্ট উইংয়ে দায়িত্ব পালন করেছেন, যা অ্যান্টার্কটিকা ও গ্রিনল্যান্ডে গবেষণার সুযোগসুবিধা সরবরাহ করার দায়িত্ব পালন করে। চিফ রিচার্ডসনকে 15 বার অ্যান্টার্কটিকায় প্রেরণ করা হয়েছে, এবং তিনি আফগানিস্তানে একটি কন্স্যাট ট্যুরও করেছেন। তার ও তার স্ত্রীর দুইজন প্রাপ্তবয়স্ক ছেলে রয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)